# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত ও আনুষঙ্গিক প্রসঙ্গ - (ঘ) সুন্নাত-নফল সালাত বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. হালকী নফল

রাসূলুল্লাহ (ﷺ) শেষ রাতে তাহাজ্জুদ আদায়ের পরে বিত্র আদায় করতেন। এরপর দুই রাক‘আত নফল সালাত আদায় করতেন। একটি হাদীসে উল্লেখ করা হয়েছে যে, বিত্র-এর পরে দু রাক‘আত নফল সালাত আদায় করলে ‘তাহাজ্জুদ’ বা কিয়ামুল্লাইলের সাওয়াব পাওয়া যায়।[1]

হাদীস দ্বারা এতটুকুই প্রমাণিত। এ বিষয়ক প্রচলিত জাল ও ভিত্তিহীন কথার মধ্যে রয়েছে: “বেতের নামাজ পড়ার পর দুই রাকাত নফল নামাজ আদায় করিলে একশত রাকাত নামাজ পড়ার ছওয়াব হাসিল হয়। প্রতি রাকাতে সুরা ফাতেহার পর সূরা একলাছ ৩ বার করিয়া পাঠ করিয়া নামাজ আদায় করিতে হয়...। এগুলি সবই ভিত্তিহীন কথা বলে প্রতীয়মান হয়।[2]

### ফুটনোট

[1] দারিমী, আস-সুনান ১/৪৫২।

[2] মো. বসির উদ্দীন আহমদ, নেক আমল, পৃ. ১৬৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4943

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন